

বিকেএসপিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক বনভোজন-২০২৪

নাগরিক জীবনের কর্মব্যস্ততা থেকে একটুখানি বিশ্রাম পেতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তা থেকে শুরু করে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গের এক মিলন মেলা বসেছিল বিকেএসপিতে। উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নাজমুল হাসান, এমপি ও সচিব ড. মহিউদ্দীন আহমেদ। বিকেএসপি'র মহিাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন সকলকে বিকেএসপিতে স্বাগত জানান। দিনভর সকলে উপভোগ করলেন ক্রীড়া প্রতিষ্ঠান বিকেএসপি'র প্রাকৃতিক সৌন্দর্যকে। খাওয়া-দাওয়া, গান-বাজনা, খেলা-খুলা, ভাগ্য পুরস্কার ইত্যাদি আয়োজনের মধ্য দিয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারবর্গ মেতে ছিল এক অন্য রকম ভালো লাগায়।



মাহে রমজানের ছুটিতে বিকেএসপির প্রশিক্ষণার্থীরা

গত ১১ মার্চ ২০২৪, মাহে রমজানকে সামনে রেখে বিকেএসপির প্রশিক্ষণার্থীরা ছুটিতে যায়। কঠোর প্রশিক্ষণ, লেখা-পড়া ও সুশৃঙ্খল জীবন যাপনের বেড়া জাল থেকে দীর্ঘ ১ মাসেরও বেশি সময় পরিবার পরিজনদের সান্নিধ্যে থাকার আনন্দ ছিল সকলের চোখে মুখে। সদ্য ভর্তি হওয়া (৩/৩/২০২৪) প্রশিক্ষণার্থীরা এক নতুন অনুভূতি নিয়ে ফিরে যাচ্ছে তাদের প্রিয়জনদের কাছে। আগামী ১৮ এপ্রিল তারা ফিরে আসবে তাদের স্বপ্ন পূরণের ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপিতে। সকলের যাত্রা শুভ হোক, নিরাপদ হোক।



বিকেএসপিতে দিনব্যাপী তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ

বিকেএসপিতে গত ১৩ মার্চ ২০২৪ ইং তথ্য অধিকার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ এর শুভ উদ্বোধন করেন মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি।



২য় অনূর্ধ্ব ১৮ জাতীয় বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ- ২০২৪ এ বিকেএসপি চ্যাম্পিয়ন

০৮ মার্চ ২০২৪, ২য় অনূর্ধ্ব ১৮ জাতীয় বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ- ২০২৪ এর ফাইনালে বিকেএসপি দল রাজশাহী জেলা দলকে ৩০-১৫ স্কোরের ব্যবধানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। গত ১০ মার্চ ২০২৪ বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি চ্যাম্পিয়ন দলের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন অভিনন্দন জ্ঞাপন করেন।

